‘Zero FIR’)। এটি থানার FIR খাতা এবং ডাইরিতে থাকবে।তারপর FIR টি সংশ্লিষ্ট থানায় পাঠানো এবং কোন থানায় পাঠানো হচ্ছে তা অভিযোগকারীকে জানানো পুলিশের কর্তব্য।

### FIR এ আপনি কি উল্লেখ করবেন

- আপনার নাম ও ঠিকানা।
- ঘটনার তারিখ, সময় ও জায়গার উল্লেখ।
- ঘটনার সঠিক বিস্তারিত বিবরণ, মানে যা যা ঘটেছিলো, যেমনভাবে ঘটেছিলো সবকিছু (উদাহারণ কেউ শারীরিক আঘাত পেয়েছেন কি না বা কোনো অস্ত্র ব্যাবহার হয়েছিল কি না ইত্যাদি)। পুলিশকে খুলে বলা।
- ঘটনা জড়িতদের নাম ও বর্ণনা -যদি নাম না জানেন, চিহ্নিত করার মত বর্ণনা দিন যেমন বয়স, লিঙ্গ, শারীরিক গঠন, উচ্চতা শনাক্তকরনের জন্য উপযুক্ত বিশেষ কোনো শারীরিক চিহ্ন বা তাদের কথা বলার ধরন পুলিশকে জানান।
- যদি ঘটনার অন্য সাক্ষী থাকেন, তাদের নাম এবং বিস্তারিত তথ্য পুলিশকে জানান।

### যা আপনি করবেন না

- মিথ্যা অভিযোগ করবেন না। পুলিশকে ভুল তথ্য দেবেন না। IPC –র 203 ধারায় ভুল তথ্য দেওয়া এবং পুলিশকে বিভ্রান্ত করার জন্য আপনার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা হতে পারে।
- তথ্য বিকৃত করবেন না।
- অর্থহীন ও অস্পষ্ট বিবৃতি দেবেন না।

### যদি আপনার FIR গৃহীত না হয়, তখন কি করবেন

- এস.পি, অফিসার আই.জি., বা ডি.আই.জির মত উচ্চপদস্থ পুলিশ কর্তাদের সঙ্গে দেখা করে সমস্যাটি তাদের নজরে আনুন।
- লিখিতভাবে আপনার অভিযোগ ডাকযোগে এস.পিকে পাঠান। যদি তিনি অভিযোগটি গ্রহণযোগ্য মনে করেন তাহলে তিনি, তদন্ত করবেন বা তদন্তের জন্য নির্দেশ দেবেন।
- ব্যক্তিগত ভাবে যথাযত আদালতে অভিযোগ জানান।
- আপনার অভিযোগ রাজ্য মানবাধিকার কমিশনে পাঠান, রাজ্যে একরকম কমিশন না থাকলে জাতীয় মানবাধিকার কমিশনে পাঠান।
- যদি আপনার রাজ্যে পুলিশের বিরুদ্ধে অভিযোগ গ্রহণের বিশেষ শাখা থাকে, সেখানে জানান। এগুলি হল রাজ্যের বিশেষ সংস্থা যারা পুলিশ সম্পর্কিত জনসাধারণের অভিযোগের তদন্ত করে।
- যদি আপনি যৌন অপরাধের শিকার কোনো মহিলা হন, IPC 166A (c ) ধারা অনুযায়ী সংশ্লিষ্ট পুলিশ অফিসারের বিরুদ্ধে FIR দায়ের করতে পারেন।

**আপনার জানা দরকার –**

আপনি FIR করলেও পুলিশ তদন্ত না করতে পারে, যদি পুলিশ অফিসার মনে করেন 1) মামলার গুরুত্ব নেই, বা 2) তদন্তের যথাযত কারণ নেই। তবে, তদন্ত না করার উপযুক্ত কারণ লিপিবদ্ধ করা এবং আপনাকে জানানো যে কোন তদন্ত করা হবে না পুলিশের কর্তব্য। (Crpc-র 1973 157 ধারা)।

### CHRI / সি.এইচ.আর.আই প্রসঙ্গে -

দি কমনওয়েলথ হিউমান রাইটস ইনিশিয়েটিভ হল একটি আন্তর্জাতিক, স্বাধীন, অলাভজনক সংস্থা, যার সদর দপ্তর ভারতে। এর লক্ষ্য, মানবাধিকারের প্রকৃত বার্তার প্রচার, প্রয়াস এবং প্রয়োগ। CHRI মানবাধিকারে অনুগত এবং আস্থাশীল।

### আমাদের কর্মসূচি:-

- পুলিশ সংস্কার
- জেল বা সংশোধনাগার সংস্কার
- তথ্য জানার ব্যাপ্তি
- তৎসংক্রান্ত কৌশলী, কার্যকরী উদ্যোগ


**কমনওয়েলথ হিউম্যান রাইটস ইনিশিয়েটিভ**

55 এ, তৃতীয় তলা, সিদ্ধার্থ চেম্বারস -1,
কালু সরায়
নতুন দিল্লি - 110016
টেলিফোন: 91-11-43180200
ফ্যাক্স: 91-11-43180217



এই প্যামফ্লেট ইউরোপীয় ইউনিয়ন ও ফ্রীডরিক নিউম্যান ফাউন্ডেশনের, নতুন দিল্লি সহযোগিতায় প্রযোজিত।


# প্রথম তথ্য বিবৃতি

# পুলিশ এবং আপনি

## আপনার অধিকার জানুন



CHRI
Commonwealth Human Rights Initiative

## FIR কি ?

কোন আমলযোগ্য অপরাধ সম্পর্কিত তথ্য যখন পুলিশ দ্বারা প্রথমবার নথিভুক্ত হয় তাকে FIR বলে। ঘটনার পর তথ্যটি প্রথমবার পুলিশের নজরে আনা হয় বলে এটিকে প্রথম তথ্য নথিভুক্তি বলা হয়।

আদালতে বিচারযোগ্য যে কোনো বিষয়েই FIR হয়। আমলযোগ্য অপরাধ গুলি এতই গুরুত্বপূর্ণ যার জন্য পুলিশ ওয়ারেন্ট ছাড়াই গ্রেফতার করতে পারে, এবং যে কোনো বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেটের অনুমতি ছাড়াই তদন্ত শুরু করতে পারে। সবসময় মনে রাখতে হবে, প্রাথমিক তথ্যে যদি দেখা যায় অপরাধটি বিচারযোগ্য, তাহলে পুলিশকে অবশ্যই FIR করতে হবে।

## FIR কেন গুরুত্বপূর্ণ ?

যে কোনো ফৌজদারি বিচার কার্য্য শুরুই হয় FIR দিয়ে। আইনত, FIR নথিভুক্ত হওয়ার পরই পুলিশ তদন্ত শুরু করতে পারে। মামলা আদালতে গেলে সেখানেই FIRটি খতিয়ে দেখা হয়। যেহেতু FIR সম্পর্কিত তথ্য বিচারের সময় কাজে লাগে,ফলে অভিযোগকারী বা তথ্য সরবরাহকারী অপরাধ সম্বন্ধে যা প্রাথমিক তথ্য দিচ্ছে, FIR -এ তার প্রতিফলন বিশেষ জরুরি।

আইন অনুযায়ী, প্রাথমিক তথ্যে যদি দেখাযায় অপরাধটি আদালতে বিচারযোগ্য, পুলিশের ক্ষেত্রে FIR করা বাধ্যতামূলক। পুলিশ কখনও বলতে পারে না, FIR এর আগে তারা বিষয় যাচাই করে তবেই তদন্ত শুরু করবে। সুপ্রিম কোর্ট এ ক্ষেত্রে সামান্য কিছু ব্যক্তিক্রম রেখেছে। পুলিশ একমাত্র তখনই FIR এ লিখিত প্রাথমিক তথ্য নিয়ে প্রাথমিক যাচাই করতে পারে যখন প্রাথমিক তথ্য থেকে স্পষ্ট হয় না অপরাধটি আদালতের আওতাভুক্ত নাকি আওতাভুক্ত নয়। বিষয়টি উক্ত মামলার উপর নির্ভর করে। এই যাচাইয়ের প্রাথমিক উদেশ্য শুধু প্রতি আদালতে বিচারযোগ্য কিনা দেখার জন্যতথ্যগুলিবিশেষভাবে খতিয়ে দেখার জন্য নয়। আর এই তদন্তও শেষ হতে হবে 7 দিনের মধ্যে। (সুপ্রিম কোর্টের, রায়-ললিতা কুমারী বনাম উত্তরপ্রদেশ সরকার ও অন্যান্য)।

## FIR কে করতে পারে?

বিচারযোগ্য অপরাধ সম্পর্কে যিনি জানেন, তিনিই থানায় গিয়ে FIR করতে পারেন- যেমন যিনি অপরাধের শিকার, সাক্ষী, অথবা এমন কোনো ব্যক্তি যিনি অপরাধ সম্পর্কে জানেন। কোনো পুলিশ অফিসার যদি আদালতে বিচারযোগ্য অপরাধ সম্পর্কে জেনে থাকেন, তাহলে তিনি নিজেও এই অপরাধ সম্পর্কে FIR করতেপারেন।

### আপনি FIR করতে পারেন, যদি –

- আপনার বিরুদ্ধেই অপরাধটি ঘটে থাকে।
- অপরাধ সম্পর্কে আপনি জানেন।
- অপরাধ আপনার চোখের সামনে ঘটে থাকে।

## FIR নথিভুক্ত করার পদ্ধতিটি কি?

কি ভাবে FIR হবে, সেটি CrPc 1973-র 154 ধারায় বলা আছে। পুলিশকে সবসময় এটা মেনে চলতেই হবে। পুলিশের কাছে FIR মৌখিকভাবে বা লিখিতভাবে দেওয়া যেতে পারে।

- যদি আপনি মৌখিকভাবে তথ্য দেন, পুলিশ অফিসার আপনাকে ঘটনার সবিস্তারে বর্ণনা দিতে বলবেন এবং সাদা কাগজে সহজ ভাষায় আপনার বিবরণটি লিপিবদ্ধ করবেন।
- পুলিশ যা লিখবে, তথ্যদাতা বা অভিযোগকারী হিসেবে, তা পড়ে দেখার বা শোনার অধিকার আপনার আছে।
- FIR এ তথ্যদাতার সই বাধ্যতামূলক। আপনি যা বলেছেন, পুলিশ তাই লিখেছে বলে নিশ্চিত হওয়ার পরই সই করবেন। মনে রাখবেন, FIR হল আপনি ঘটনা সম্পর্কে যা জানেন, তারই প্রতিফলন।
- যাঁরা লিখতে বা পড়তে পারেন না, তাঁরা FIR সম্পর্কে সন্তুষ্ট হওয়ার পরই বাঁহাতের বৃদ্ধাঙ্গুলের ছাপ দেবেন।
- বিনামূল্যে FIR এর একটি প্রতিলিপি পাওয়া আপনার অধিকার। পুলিশে না দিলে নিজে চেয়ে নেবেন।
- পুলিশের কর্তব্য FIR এর তারিখ ও বিষয় থানার ডাইরিতে তুলে রাখা।

## লিঙ্গভিতিক অপরাধ মহিলা ক্ষতিগ্রস্তদের জন্য বিশেষ ব্যবস্থা।

CrPc. -র 154 (1) ধারায় লিঙ্গ ভিত্তিক যৌন অপরাধের FIR নথিভুক্ত করার কিছু বিশেষ নিয়ম আছে। যদি কোন মহিলা অপরাধের শিকার হন এবং তিনি নিজেই অভিযোগ লিপিবদ্ধ করাতে আসেন তবে তার FIR লিপিবদ্ধ করবেন এক মহিলা পুলিশ অফিসার বা যে কোন মহিলা অফিসার। যদি কোন ক্ষতিগ্রস্ত মহিলা মানসিক বা শারীরিক ভাবে সক্ষম না হন(সাময়িকভাবে হলেও, সে ক্ষেত্রে FIR লিপিবদ্ধ করতে হবে তার বাড়ি গিয়ে বা তার পছন্দমত কোন জায়গায়।

CrPc. -র 154 (1) ধারা বলছে, যদি কোনো পুলিশ অফিসার এধরনের কোনো অভিযোগের FIR- না নেন, তা হবে শাস্তিযোগ্য অপরাধ। IPC- র 166 A (C) অনুযায়ী, পুলিশ FIR না করলে তার ন্যূনতম শাস্তি 6 মাস কারাবাস, যা সাধারণত 2 বছর পর্যন্ত কারাদন্ড ও সঙ্গে জরিমানাপর্যন্ত ও গড়াতে পারে।

### জিরো FIR

যদি কোনো অপরাধ সেই থানার এলাকায় নাও হয়, তাহলেও পুলিশ FIR প্রত্যাখ্যান করতে পারবে না। পুলিশ FIR নিতে বাধ্য। (একে বলে